

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

নির্বাচন কমিশনের দপ্তর

প্রচার পত্র নং- ০১/২০২২

তারিখ : ০৪/০১/২০২২খ্রিঃ

বিশেষ দৃষ্টি আকর্ষণ (স্বত্বাধিকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য নয়)

এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদ নির্বাচন (২০২২-২৪) এ ভোটদাতা মনোনয়নের জন্য গঠনতন্ত্রের ১৮(জ) এ বর্ণিত “ভোটার হওয়ার পদ্ধতি” সম্মানিত সদস্যদের অবগতির জন্য নিম্নে উল্লেখ করা হলো।

“ভোটার হওয়ার পদ্ধতি :

ভোটার তালিকায় নাম ও ছবি অন্তর্ভুক্তির জন্য ব্যক্তি মালিকানা প্রতিষ্ঠানের ক্ষেত্রে স্বত্বাধিকারীর নাম ও ছবি সরাসরি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে।

অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ম্যানেজিং পার্টনার স্বয়ং অথবা ম্যানেজিং পার্টনার এর ক্ষমতাপূর্ণ পত্র (লেটার হ্যাডে পেস্ট করা সীল ফটোসহ) ও বুকলেটের কপি যাচাই করে মনোনীত অংশীদারের নাম ও ছবি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে।

লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে চেয়ারম্যান/ম্যানেজিং ডাইরেক্টর স্বয়ং অথবা চেয়ারম্যান/ম্যানেজিং ডাইরেক্টরের ক্ষমতাপূর্ণ পত্র (লেটার হ্যাডে পেস্ট করা সীল ফটোসহ), সংঘ স্মারক ও সংঘ বিধি এবং বুকলেট এর কপি যাচাই করে মনোনীত ডাইরেক্টরের নাম ও ছবি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হবে।”

অংশীদারী ও লিমিটেড প্রতিষ্ঠানের দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে, তাঁদের প্রতিষ্ঠানের বিপরীতে মনোনীত ভোটদাতার ছবিসহ বিবরণ সংযুক্ত ছকে আগামী ১০/০১/২২খ্রিঃ তারিখের মধ্যে এসোসিয়েশনের নির্বাচন কমিশন দপ্তরে দাখিলের অনুরোধ জানানো হচ্ছে। উক্ত তারিখের মধ্যে যদি কোন অংশীদারী ও লিমিটেড প্রতিষ্ঠান মনোনীত ভোটদাতার নাম ও ছবি সম্বলিত সংযুক্ত ছক দাখিল না করেন, সেক্ষেত্রে ২০১৯ সালের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত উক্ত প্রতিষ্ঠানের ভোটদাতার নাম ও ছবি বর্তমান ভোটার তালিকায় ভোটদাতা হিসেবে অন্তর্ভুক্ত হবে।

ধন্যবাদান্তে,



আলহাজ্ব মোহাম্মদ নুরুল ইসলাম

প্রধান নির্বাচন কমিশনার

নির্বাচন কমিশন দপ্তর

চিটাগাং কাস্টমস্ সি এন্ড এফ এজেন্টস্ এসোসিয়েশন।

বিঃ দ্রঃ অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ভোটদাতার ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, বুকলেটের ফটোকপি ও অংশীদারী চুক্তির ফটোকপি ব্যবস্থাপনা অংশীদার কর্তৃক সত্যায়িত এবং লিমিটেড প্রতিষ্ঠানের ক্ষেত্রে ভোটদাতার ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, বুকলেটের ফটোকপি, মেমোরেণ্ডাম অব আর্টিকেলস এর ফটোকপি চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

প্রতিষ্ঠানের পক্ষে ভোটদাতার নাম অন্তর্ভুক্তির আবেদন
(লিমিটেড ও অংশীদারী প্রতিষ্ঠানের জন্য)

পাসপোর্ট সাইজের
ছবি

১। প্রতিষ্ঠানের নাম :

২। এজেন্সী লাইসেন্স নম্বর :

৩। প্রতিষ্ঠানের ঠিকানা :
(ফোন নম্বর সহ)

৪। প্রতিষ্ঠানের ধরন : প্রযোজ্য ক্ষেত্রে টিক (✓) চিহ্ন প্রদান করতে হবে।

লিমিটেড অংশীদারী

৫। প্রতিষ্ঠানের পক্ষে ভোট দাতার নাম

পদবী :

ঠিকানা :

ফোন ও মোবাইল নম্বর :

৬। পরিচালক/অংশীদারদের বিবরণ : (নাম, পদবী ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।)

.....
.....
.....
.....

আমি নিম্নস্বাক্ষরকারী ঘোষণা করছি, আমার প্রতিষ্ঠান ঠিকানা
..... এর পক্ষে এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের দ্বিবার্ষিক নির্বাচন
(২০২২-২৪) এ ভোট দানের জন্য প্রতিষ্ঠানের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক /ব্যবস্থাপনা অংশীদার,
অংশীদার জনাব কে মনোনীত করা হল।

স্বাক্ষর :

নাম ও পদবীঃ